দৈনিক জনকণ্ঠ

167

তারিখ ... ... NOV 16 1999 ...
পৃষ্ঠা ১২ কলাম ৪ ......

# ঢামেকসু নির্বাচন ॥ ছাত্রলীগ পূর্ণ প্যানেলে জয়ী

মেডিক্যাল রিপোর্টার ॥ ঢাকা মেডিক্যাল কলেজ ছাত্র সংসদ (ঢামেকসু) নির্বাচনের ফল ঘোষিত হয়েছে। বেসরকারী ফলে ছাত্র সংসদের সহ-সভাপতি (ভিপি) এবং সাধারণ সম্পাদক (জিএস) নির্বাচিত হয়েছেন যথাক্রমে বিদ্যুত বড়ুয়া ও জাহেদুর রহমান শাওন। তাঁরা দু'জনই ছাত্রলীগ মনোনীত প্রার্থী। ফলে ছাত্র সংসদের সব ক'টি আসনেই ছাত্রলীগ জয়ী হলো। ইতোপূর্বে অন্য ১৮টি পদে ছাত্রলীগ প্রার্থীরা বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছিলেন। ভিপি-জিএস পদে পরাজিত দুই প্রার্থীর মধ্যে একজন স্বতন্ত্র ও অপরজন ছিলেন ছাত্র ইউনিয়নের।

অন্য কোন পদে প্রতিদ্বন্দ্বী না থাকায় সোমবার শুধুমাত্র ভিপি এবং জিএস

(২- পৃষ্ঠা ২-এর কঃ দেখুন)

## ঢামেকসু নির্বাচন

(১২-এর পাতার পর)

পদে প্রতিদ্বন্দ্বিতা হয়। ছাত্রদল তাদের প্যানেল প্রত্যাহার করায় ছাত্রলীগের বিজয় সহজ হয়। উভয় পদেই ছাত্রলীগ বিশাল ব্যবধানে জয়লাভ করে। সকাল আটটায় ভোট গ্রহণ শুরু হওয়ার কথা থাকলেও তা প্রায় পৌনে এক ঘণ্টা পর শুরু হয়। কোন বিরতি ছাড়াই দুপুর দুটো পর্যন্ত ভোট গ্রহণ চলে। ঢাকা মেডিক্যাল কলেজের ২নং গ্যালারিকে ভোট কেন্দ্র হিসাবে ব্যবহার করা হয়। নির্বাচন কমিশনের সভাপতি এবং সদস্যবৃন্দের উপস্থিতিতে ভোট গ্রহণ অনুষ্ঠিত হয়।

ঢাকা মেডিক্যাল কলেজের রাজনীতি বরাবরই হলকেন্দ্রিক। এবারও তার ব্যত্যয় ঘটেনি। ছাত্রদলের নেতা-কর্মীরা ছাড়া হলের প্রায় সকল ছাত্রছাত্রীই ভোট দিতে আসে। কিন্তু হলের বাইরের ছাত্রছাত্রীদের বেশিরভাগই অনুপস্থিত থাকে। ফলে ভোট পড়ে মোট ভোটার সংখ্যার অর্ধেকেরও কম। ৯৬৯ ভোটারের ভিতর ভোট দেয় ৪১৭ জন।

কোন অপ্রীতিকর ঘটনা ছাড়াই অনুষ্ঠিত হয় নির্বাচন। নির্বাচনের পুরো সময়ে ছাত্রদলের নেতৃবৃন্দ ক্যাম্পাসে অনুপস্থিত থাকে।

প্রতিদ্বন্দ্বী না থাকায় বাকি আঠারোটি পদে ছাত্রলীগের প্রার্থীরা আগেই নির্বাচিত হন। সম্পাদক পদে নির্বাচিত সদস্যরা হচ্ছেন– সমাজকল্যাণ সম্পাদক জুবায়ের আশরাফ শুভ্র, কমনরুম সম্পাদক ইফতেখার উদ্দিন সুজন, এন্টারটেনমেন্ট সম্পাদক ইকবাল আশরাফ মাহমুদ, স্পোর্টস সম্পাদক ইফতেখারুল হক, এ্যাথলেটিক্স সম্পাদক মাহবুব এলাহী ও সাহিত্য সম্পাদক কামরুল হাসান।